DR.KANAILAL BHATTACHARYYA COLLEGE
TEST EXAMINATION-2019
B.A. PART-II
BENGALI HONOURS
THIRD PAPER

FULL MARKS-100

TIME-4 HOURS

১। ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। যেকোনো একটি বাংলা উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৫+৭

অথবা

(খ) যে- কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ৭+৭

(অ) রাজনৈতিক উপন্যাস

(আ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস

(ই) ঐতিহাসিক উপন্যাস

(ঈ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের শৈবলিনী চরিত্রটি আলোচনা করো। ১৪

অথবা

(খ) 'চন্দ্রশেখর' উপন্যাসের ঐতিহাসিক পটভূমিকা আলোচনা করে এই উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪

৩। (ক) 'যাও, যেখানে ইন্দ্রিয়জয়ে কষ্ট নাই, রূপে মোহ নাই, প্রণয়ে পাপ নাই, সেইখানে যাও।'_ উদ্দিষ্ট বক্তাটি কে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

অথবা

(খ) 'আমার রাজার হুকুম আমি কেন পালন করিব না?' _ বক্তা কে? কাকে সে একথা বলেছে? কোন্ রাজার কী হুকুম সে পালন করতে চায়? ১+১+২

৪। (ক) ইন্দ্রনাথ শরৎসাহিত্যে এক অনবদ্য সৃষ্টি _ উক্তিটির যথার্থতা বিচার করো। ১৪

অথবা

(খ) 'এখানকার হাস্যরসে রয়েছে স্বচ্ছতা ও নির্মলতা'_ 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস প্রসঙ্গে সমালোচকের এই উক্তির যাথার্থ্য বিচার করো। ১৪

৫। (ক) 'ধন্য বীর ধন্য বীরত্ব' _ কে কার সম্পর্কে একথা বলেছে? ঘটনাটি সংক্ষেপে বর্ণনা করো। ১+৩

অথবা

(খ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না_ ইহা দূরেও ঠেলিয়া ফেলে।'_ এই অনুভূতি কার? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২

৬। (ক) 'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথের প্রেমতত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

(খ) 'শেষের কবিতা' উপন্যাসের যোগমায়া চরিত্রটি সম্পর্কে আলোচনা করো ১৫

৭। যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

(ক) "এর পরে কোন কথা বলবার কোন দরকার হল না।"_ কোন্ ঘটনার পর বর্তমান প্রসঙ্গটির অবতারণা? এর ফলশ্রুতি কী হয়েছিলো? ১+৪

(খ) "বিয়ে করে দুঃখ দিতে চাই নে। বিয়ে সকলের জন্য নয়।"_ বক্তা কে? তিনি কাকে দুঃখ দিতে চান না? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(গ) "মেনে নেওয়া, আর মনে নেওয়া, এই দুয়ের যে তফাত আছে বন্যা।" _ বক্তা কে? প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটি ব্যাখ্যা করো। ১+৪

(ঘ) "মা লাবণ্য, নিজেকে চ পা দিয়ে রেখো না।" _ বক্তা কে? তিনি কখন, কেন লাবণ্যকে একথা বলেছিলেন? ১+২+২

৮। (ক) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে প্রতিফলিত নবীন- প্রবীণের দ্বন্দ্ব বিষয়ে আলোচনা করো। ১৫

অথবা

(খ) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৫

৯। যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

(ক) "কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে" _ প্রসঙ্গ উল্লেখ করে অংশটির তাৎপর্য পরিস্ফুট করো। ২+৩

(খ) "এখনও মনে লাগছে দলে মেশে নাই। তবে চারে ভিড়েছে তা' পরেতে টোপ ধরলে ঘাই মারবে" - বক্তা কে? সে কাকে একথা বলেছে? কার সম্পর্কে কেন বলেছে? ১+১+৩

(গ) "গোটা কাহার পাড়ায় আজ সে দেবতা হয়ে উঠেছে!" _ কে দেবতা হয়ে উঠেছে? বিষয়টির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

(ঘ) "হাঁসুলীবাঁকের উপকথার সবচেয়ে বুড়ী হ'ল সুচাঁদ।"_ বাক্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

Scanned by CamScanner

**DR.KANAILAL BHATTACHARYYA COLLEGE**
**TEST EXAMINATION-2019**
**B.A. PART-III**
**BENGALI-HONOURS**
**PAPER-V**

**TIME-4 HOURS** **FULL MARKS-100**

১। ক) মহাকাব্যের সংজ্ঞা নির্দেশ করে ধ্রুপদী মহাকাব্যের সঙ্গে সাহিত্যিক মহাকাব্যের পার্থক্যগুলি নির্দেশ করো। একটি সাহিত্যিক মহাকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+৫+৫+৪

অথবা

খ) উদাহরণসহ যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৯+৯
অ) পত্রকাব্য আ) আখ্যানকাব্য ই) সনেট

২) ক) বীরাঙ্গনা কাব্যের ' নীলধ্বজের প্রতি জনা' ' পত্রের জনা চরিত্র মধুসূদনের এক অনবদ্য সৃষ্টি' - আলোচনা করো। ১২

অথবা

খ) বীরাঙ্গনা কাব্যের নামকরণ কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করো। ১২

৩। ক) ' জনম মম মহা ঋষিকুলে,
তবু চণ্ডালিনী আমি।' —বক্তা কে? বক্তার এই আত্মগ্লানির কারণ কী? ১+৩

অথবা

খ) 'চির- অভাগিনী আমি! জনক- জননী
ত্যজিলা শৈশবে মোরে, না জানি কি পাপে?
পরান্নে বাঁচিল প্রাণ—পরের পালনে।' - কে কার উদ্দেশ্যে বলেছে?
জনক- জননীর পরিচয় দাও। বক্তাকে কে পালন করেছেন? ১+২+১

৪। ক) সোনারতরী কাব্যের 'যেতে নাহি দিব' কবিতায় কিভাবে একটি পারিবারিক ঘটনার সূত্রে কবি বিশ্বের এক মহা সত্যের উপলব্ধিতে পৌঁছেছেন তা আলোচনা করো। ১২

অথবা

খ) 'সোনারতরী একটি রূপক কবিতা' –আলোচনা করো। ১২

৫। ক) 'দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা' – কোন্ কবিতার অংশ? অংশটির তাৎপর্য লেখ। ১+৩

অথবা

খ) 'দাঁড়ায়ে রয়েছ তুমি শ্যাম কল্পধেনু
তোমারে সহস্র দিকে করিছে দোহন
তরুলতা, পশুপক্ষী কত অগনন
তৃষিত পরানি যত' - কোন্ কবিতার অংশ? কাকে কেন শ্যাম কল্পধেনু বলা হয়েছে? ১+১+২

৬। ক) ' আমার কৈফিয়ৎ' কবিতায় প্রকাশিত নজরুলের কবিমানস ও কাব্য দর্শনের পরিচয় দাও। ১২

অথবা

খ) ' বিদ্রোহী' কবিতার মর্মার্থ আলোচনা করো। ১২

৭। ক) ' দুঃসহ দাহনে তব হে দর্পী তাপস
অম্লান স্বর্ণেরে মোর করিলে বিরস
অকালে শুকালে মোর রূপ- রস- প্রাণ'
- কোন্ কবিতার অংশ? কাকে কেন দর্পী তাপসের সঙ্গে তুলনা করা হয়েছে? ১+১+২

অথবা

খ) ' যেদিন আমি হারিয়ে যাব বুঝবে সেদিন বুঝবে
অস্তপারের সন্ধ্যাতারায় আমার খবর পুছবে' —কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশটির ব্যাখ্যা করো। ১+৩

৮। ক) অমিতাভ দাশগুপ্তের ' আমার নাম ভারতবর্ষ' কবিতা অবলম্বনে কবির স্বদেশ চেতনার পরিচয় দাও। ১৪

অথবা

খ) ' কবি শঙ্খ ঘোষের ' বাবরের প্রার্থনা' কবিতায় ইতিহাসের অনুষঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তি সংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটের পরিচয়' —আলোচনা করো। ১৪

৯। ক) ' জুড়িয়ে দিলো চোখ আমার পুড়িয়ে দিলো চোখ
বাড়িতে এসে বলেছিলাম ওদের ভালো হোক'
– আমি কে? ওদের বলতে কাদের বোঝানো হয়েছে? চোখ জুড়ানো ও চোখ পোড়ানোর তাৎপর্য লেখো। ১+১+২

অথবা

খ) তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে, হে বন্ধু, হে প্রিয়তম।'
- বন্ধু ও প্রিয়তম কে? তাকে স্মরণ করার কারণ কি? ১+৩

১০। নিম্নলিখিত অংশ দুটির মধ্যে যে-কোনো একটির কাব্যশৈলী বিচার করোঃ ১৬

ক) মেঠো সুরে কাঁদে যে অনন্তের বাঁশি
বিশ্বের প্রান্তর- মাঝে; শুনিয়া উদাসী
বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে
দূরব্যাপী শস্যক্ষেত্রে জাহ্নবীর কূলে
একখানি রৌদ্রপীত হিরণ্য- অঞ্চল
বক্ষে টানি দিয়া; স্থির নয়নযুগল
দূর নীলাম্বরে মগ্ন; মুখে নাহি বাণী-
দেখিলাম তাঁর সেই ম্লান মুখখানি-
সেই দ্বারপ্রান্তে লীন, স্তব্ধ, মর্মাহত,
মোর চারি বৎসরের কন্যাটির মতো।।

খ) এখন যাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকেঃ আয় আয় আয়

এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতাকাঠ ডাকেঃ আয় আয়

যেতে পারি
যে-কোনো দিকেই আমি চলে যেতে পারি
কিন্তু, কেন যা:বো?

সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো।

———

Scanned by CamScanner

**TEST EXAMINATION-2019**
**B.A. PART-III**
**BENGALI-HONOURS**
**PAPER-VI**

**TIME-4 HOURS** **FULL MARKS-100**

১। ক) পুতুলনাচের ইতিকথা উপন্যাস অবলম্বনে শশী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৪

**অথবা**

খ) পুতুলনাচের ইতিকথা উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৪

২। ক) অরণ্যের অধিকার উপন্যাসে ধানী মুণ্ডার চরিত্র আলোচনা করো। ১২

**অথবা**

খ) অরণ্যের অধিকার উপন্যাসের শেষে উপসংহার অংশটি সংযোজনের সার্থকতা বিচার করো। ১২

৩। ক) নারীর স্বাধিকার প্রতিষ্ঠা ও উচ্চকণ্ঠ প্রতিবাদ চেতনার অনবদ্য প্রকাশ রবীন্দ্রনাথের 'পয়লা নম্বর' নামক ছোটগল্পটি - আলোচনা করো। ১২

**অথবা**

খ) অতিপ্রাকৃত গল্প হিসাবে 'নিশীথে' গল্পটিকে গ্রহণ করা যায় কিনা আলোচনা করো। ১২

৪। ক) 'পয়োমুখম' গল্প অবলম্বনে কৃষ্ণকান্ত চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করে দেখাও। ১৫

**অথবা**

খ) 'ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার অনবদ্য প্রকাশ ঘটেছে চরণ দাস এম. এল. এ. গল্পে' - আলোচনা করো। ১৫

৫। ক) দাঙ্গার বিরুদ্ধে সাধারণ মানুষের অবস্থানটি স্পষ্ট হয়ে উঠেছে 'আদাব' গল্পে- আলোচনা করো। ১৫

**অথবা**

খ) অশ্বমেধের ঘোড়া' গল্পটির নামকরণ কতখানি সঙ্গতিপূর্ণ হয়েছে তা কাহিনি বিশ্লেষণ করে দেখাও। ১৫

৬। 'বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন' - বিন্দুর কি পরিবর্তন হয়েছিল? এই পরিবর্তনটি কার এবং কি ধরনের পরিবর্তন? ১+৩

**অথবা**

'আকাশে মেঘ কমে নদীর জল বাড়ে।- নইলে কি জগৎ চলে ছোটোবাবু?' - বক্তা কে? মন্তব্যটির তাৎপর্য লেখো। ১+৩

৭। 'উলগুলানের শেষ নাই, ভগবানের মরণ নাই' - মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

**অথবা**

'হা রে! আমি ধরতি আবা চাইনা রে! আমি আমার ছেলারে বুকের ভিতর চাই' - কার উক্তি? ছেলা কে? তার জন্য এই কষ্ট কেন? ১+১+২

৮। 'প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়' - কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

**অথবা**

'আমি এই এক রাত্রে মহা প্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আস্বাদ পাইয়াছি' উদ্ধৃতিটির তাৎপর্য লেখ। ৪

৯। **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ**

ক) 'নিমাই পণ্ডিত যে বিয়ের পুরুত, সে বিয়ে অমান্য করে কে?' - এখানে কাদের বিয়ের কথা বলা হয়েছে? উক্তিটিতে বক্তার কোন্ মানসিকতার প্রতিফলন ঘটেছে? ১+৪

খ) 'বড় হয়ে আমি তোমায় নিয়ে যাবো' কে কাকে নিয়ে যেতে চেয়েছে? এখন সে নিয়ে যেতে পারছে না কেন? ২+৩

গ) 'তার চোখে কৌতুকের বিদ্যুৎ খেলে গেল' - কার চোখের কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

ঘ) শালাদের মুড়ো কেটে এনে ছড়িয়ে দাও আমার সামনে। আমি বসে বসে দেখি, দুদিন দুরাত ধরে দেখি' - কে কাকে একথা বলেছে? উক্তিটির বক্তব্য বিশ্লেষণ করো। ২+৩

১০। **যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ**

ক) 'এভাবে কারো ধর্ম নষ্ট করা অধর্ম ছাড়া আর কি?'- কোন্ গল্পের অংশ? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

খ) 'আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ'- প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

গ) 'দেশের পুরো অতীতটা পচা- নির্মম সার্জারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হয় না'- কার উক্তি? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখ। ১+২+২

ঘ) 'ফাতিমাদিকে কোনোদিন এভাবে দেখতে হবে আমি কল্পনাও করিনি'- কার লেখা কোন্ গল্পের অংশ? ফাতিমাদিকে কে কি রূপে দেখেছিল? ২+৩

---

Scanned by CamScanner

**DR.KANAILAL BHATTACHARYYA COLLEGE**
**TEST EXAMINATION-2019**
**B.A. PART III**
**BENGALI - HONOURS**
**PAPER-VII**

**TIME-4 HOURS** **FULL MARKS-100**

১। ক। 'প্রবন্ধ' শব্দটির তাৎপর্য পরিস্ফুট করো। প্রবন্ধের শ্রেণিবিভাগ করে উদাহরণসহ বিভিন্ন প্রকার প্রবন্ধের বৈশিষ্ট্য আলোচনা করো। ৪+২+৬+৬

অথবা

খ। যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো। ৯+৯

অ) ভ্রমন সাহিত্য আ) ডায়ারি ই) রম্য রচনা ঈ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি

২। ক)'পতঙ্গ' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র মানব জীবনকে যে দার্শনিক দৃষ্টিতে দেখেছেন তার পরিচয় দাও। প্রসঙ্গত এক্ষেত্রে তিনি কোন্ কোন্ সাহিত্যকে কিভাবে বিশ্লেষণ করেছেন তা আলোচনা করো। ৮+৪

অথবা

খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে বঙ্কিমচন্দ্রের দক্ষতার পরিচয় দাও। ১২

৩। ক) "চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী।"- কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩

অথবা

খ) "প্রীতি সংসারে সর্ব্বব্যাপিনী, ঈশ্বরই প্রীতি।" কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩

৪। ক) ছিন্নপত্রের পঠিত পত্রগুলিতে রবীন্দ্রনাথের যে প্রকৃতিপ্রীতি ও মানবপ্রীতির পরিচয় প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও। ১২

অথবা

খ)রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর সঙ্গে তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো। ১২

৫। ক) "আমি দেবতার মেয়ে কিন্তু দেবতার ক্ষমতা আমার নেই।"- কার সম্পর্কে কেন লেখকের এই উপলব্ধি? ১+৩

অথবা

খ) "সেই মরুভূমির মধ্যে নিস্তব্ধ রাত্রে অনেকগুলো আর্তস্বর উঠতে লাগল।"- প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৪

৬। ক) "স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় সব স্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে।" – যে অভিজ্ঞতার নিরিখে লেখক এই উপলব্ধিতে পৌছেছেন তা 'শিক্ষা ও বিজ্ঞান' অনুসরণে বিবৃত করো। ১৫

অথবা

খ) "কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।"- 'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধের অনুসরণে এই 'সাহিত্যশাসন ব্যবস্থার' বিশদ পরিচয় দাও। ১৫

৭। ক) 'রূপকথা' প্রবন্ধ অনুসরণে রূপকথা ও উপকথার পার্থক্য নিরূপণ করো। রূপকথা সম্পূর্ণ 'অবাস্তব' বলে আজও উড়িয়ে দেওয়া যায় না কেন? ৮+৭

অথবা

খ) "প্রগতিশীল নাট্য আন্দোলন দিক্‌ভ্রান্ত হয়ে ভবিষ্যৎ তো দূরের কথা, আজ তার অস্তিত্ব নিয়েই বিপন্ন।"- প্রগতিশীল নাট্য আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও। কীভাবে তা দিক্‌ভ্রান্ত হয়ে পড়ল? তার অস্তিত্বের বিপন্নতা থেকে উত্তরণের উপায় কী? ৫+৭+৩

৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো। ২০

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র
খ) বাংলা ভ্রমণসাহিত্য
গ) উনিশ শতকে বাংলা মহাকাব্য চর্চার ধারা
ঘ) বাংলা পৌরাণিক নাটক
ঙ) স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্প
চ) বাংলা উপন্যাস সাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায়
ছ) উনিশ শতকের বাংলা সাময়িক পত্র
জ) গণনাট্য আন্দোলন

———

Scanned by CamScanner

DR.KANAILAL BHATTACHARYYA COLLEGE
TEST EXAMINATION-2019
B.A. PART-III
BENGALI - HONOURS
PAPER-VIII

TIME-4 HOURS FULL MARKS-100

**১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।**

ক) কালিদাস রচিত নাটকগুলির নাম উল্লেখ করো। উল্লিখিত নাটকগুলির মধ্যে যে-কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+৬+৬

খ) সংস্কৃত সাহিত্যে 'কাদম্বরী' কি ধরণের রচনা? 'কাদম্বরী' অবলম্বনে বাণভট্টের সাহিত্য প্রতিভার মূল্যায়ন করো। ৩+১২

গ) জয়দেব ও তাঁর 'গীতগোবিন্দম্'-এর পরিচয় দাও এবং কাব্যটির মূল্যায়ন করো। ৩+৭+৫

**২। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো।** ৫+৫

মৃচ্ছকটিকম্, উত্তররামচরিত, মাঘদূতম্, মালবিকাগ্নিমিত্রম্, কুমারসম্ভব

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

ক) শেক্সপীয়রের বিশ্ববিখ্যাত ট্রাজেডিগুলির নাম উল্লেখ করো এবং যে-কোনো দুটি ট্রাজেডি অবলম্বনে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ৫+৫+৫

খ) চার্লস ডিকেন্স রচিত উপন্যাসগুলির নাম উল্লেখ করে তাঁর দুটি বিখ্যাত উপন্যাসের পরিচয় দাও। ডিকেন্সের সঙ্গে শরৎচন্দ্রের প্রতিভার তুলনামূলক আলোচনা করো। ২+৪+৪+৫

গ) রোমান্টিক যুগের কবি হিসাবে কিট্সের পরিচয় দাও। ১৫

**৪। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো।** ৫+৫

প্যারাডাইস লস্ট, দি লিরিক্যাল ব্যালাডস, আর্মস অ্যান্ড দি ম্যান,
দি মার্চেন্ট অফ্ ভেনিস, আইভ্যান হো

**৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ১৪

ক) ছোটগল্পকার হিসাবে মুন্সি প্রেমচন্দের প্রতিভার মূল্যায়ন করো।

খ) ছায়াবাদী কবি হিসাবে সূর্যকান্ত ত্রিপাঠি নিরালার কাব্যকৃতিত্ব আলোচনা করো।

গ) আঞ্চলিক উপন্যাস রচনায় ফনীশ্বরনাথ রেণুর প্রতিভার মূল্যায়ন করো।

**৬। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ** ৪

গোদান, দীপশিখা, দুর্লভ বন্ধু

৭। ক) "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা; কথা নয়, ধ্বনি, রসধ্বনি"- আলোচনা করো। ১৬

অথবা

খ) **সংক্ষিপ্ত আলোচনা করোঃ (যে-কোনো দুটি)** ৮+৮

অ) নবরস, আ) বিভাব ও অনুভাব ই) রীতিরাত্মা কাব্যস্য

৮। ক) "চিত্র এবং সঙ্গীতই সাহিত্যের প্রধান উপকরণ। চিত্র ভাবকে আকার দেয় এবং সঙ্গীত ভাবকে গতিদান করে।"- আলোচনা করো। ১৬

অথবা

**খ) যে-কোনো দুটি উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো।** ৮+৮

অ) 'জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা-- সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।'

আ) 'সাহিত্য প্রকৃতির আর্শি নহে'

ই) 'মেয়েদের কাজ হৃদয়ের কাজ'

Scanned by CamScanner